ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৬৫৯

শান্তিরবাজার, ৭ নভেম্বর, ২০২৫

**শান্তিরবাজারে বন্দে মাতরম-র ১৫০ বছর পূর্তি অনুষ্ঠান**

দেশ মাতৃকার বন্দনা গীত বন্দে মাতরম ১৫০ বছর পূর্তি দিবস আজ সারা দেশের সাথে শান্তিরবাজার মহকুমায়ও উদযাপন করা হয়। বগাফা ব্লক, জোলাইবাড়ি ব্লক এবং শান্তিরবাজার পুর পরিষদে বন্দে মাতরম গীতের ১৫০ বছর পূর্তি উদযাপন করা হয়। সমবেত কণ্ঠে গাওয়া হয় বন্দে মাতরম গীত। মহকুমার মূল অনুষ্ঠান হয় শান্তিরবাজার পুর পরিষদ প্রাঙ্গণে। এখানে রাষ্ট্রীয় গীত বন্দে মাতরম শিল্পীগণ পরিবেশন করেন। সঙ্গে গলা মেলান বিধায়ক প্রমোদ রিয়াং, পুর পরিষদের চেয়ারপার্সন স্বপ্না বৈদ্য, ভাইস চেয়ারপার্সন সত্যব্রত সাহা, মহকুমা শাসক সঞ্জীব চাকমা ও অন্যান্য বিশিষ্ট জনেরা। অনুষ্ঠানের তাৎপর্য ব্যাখ্যা করে বক্তব্য রাখেন কাউন্সিলার শ্যামলাল দেবনাথ। অনুষ্ঠানের শুরুতে অতিথিগণ ভারত মাতার প্রতিকৃতিতে মাল্যদান করে শ্রদ্ধা জানান। এর পর পুর পরিষদের সভাকক্ষে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ভাষণ সরাসরি সম্প্রচার করা হয়।

******